# Times Today BD

জিএম সিরাজ | দেশজুড়ে | 31 May, 2025

এবার ৫ টি ড্রোন এক সাথে বাংলাদেশের আকাশে ওড়ালো ভারতের বিএসএফ।

শুক্রবার (৩০ মে) রাত সাড়ে ৮ থেকে রাত ৯টা ৪৫ মিনিট পর্যন্ত কুড়িগ্রামের রৌমারী উপজেলার বড়াইবাড়ী ও বারবান্দা সীমান্তে বাংলাদেশের এক কিলোমিটার অভ্যন্তরে গ্রামের ওপরে ভারতীয় কাকদোড়িপাড়া বিএসএফ ক্যাম্প থেকে এ ড্রোনগুলো উড়ানো হয়।

এর আগে ২৭ মে সকাল ১১ টার দিকে ভারতীয় নাগরিক পুশইনের ঘটনায় ওই সীমান্তে ড্রোন উড়িয়ে পর্যবেক্ষণ করে বিএসএফ।ওইদিন রাত পৌনে ১১ টার দিকে সাহেবের আলগা বিওপি এলাকায় তিনটি ড্রোন উড়ায় বিএসএফ।তিনদিন পর রাতে একসাথে ওড়ানো হলো ৫ টি ড্রোন।

রৌমারী সদর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য ফিরোজ মিয়া বলেন, রাত সাড়ে ৮টায় বড়াইবাড়ী ও বারবান্দা গ্রামের আকাশে ভারতের ৪-৫টি ড্রোন চলে আসে।বড়াইবাড়ী বিজিবি ক্যাম্পের ওপরও ড্রোনগুলো উড়িয়ে পর্যবেক্ষণ করে বিএসএফ।

তিনি বলেন, গত ২৭ মে বড়াইবাড়ী সীমান্তে ১৪ জন ভারতীয় নাগরিক পুশইন করার পর থেকে ভারতের বিএসএফ বিভিন্নভাবে বাংলাদেশে নজদারি করছে।এতে সীমান্তবর্তী সাধারণ মানুষের মাঝে আংতক সৃষ্টি হয়েছে।

বিজিবির বড়াইবাড়ী ক্যাম্পের কোম্পানি কমান্ডার সুবেদার আঞ্জু মিয়াকে মুঠোফোনে একাধিকবার কল করা হলেও রিসিভ হয়নি।

বিজিবির জামালপুর ৩৫ ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল হাসানুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আমরা তাদের সাথে যোগাযোগ করছি।জানতে চাচ্ছি তারা কেন এটা করছে।এটা অবস্যই সীমান্ত আইনবিরোধী।আমরা বিএসএফের কাছে জবাব চাচ্ছি।

বিএসএফ ভারত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:19

URL: https://www.timestodaybd.com/across-the-country/3474063166